ঢা,বি!

দৈনিক সংবাদ

তারিখ 23 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৫

১০৪

# বিশ্ববিদ্যালয়ের স্বার্থে আমরা এক ও অভিন্ন

## ঢাঃ বিঃ শিক্ষকদের উদ্দেশে উপাচার্য

(বিশ্ববিদ্যালয়সংবাদদাতা।)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমদ শনিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উদ্দেশে বলেছেন, বিশ্বমানের ১২ শতাংশ শিক্ষক এবং বিদেশী প্রশিক্ষণপ্রাপ্ত ৬০ শতাংশ শিক্ষক যে সৃজনশীলতার পরিচয় দিয়েছেন তা দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল সমস্যা নিরসন করা সম্ভব।

শনিবার সকাল ১১টায় টি এস সি মিলনায়তনে উপাচার্যের দায়িত্বপ্রাপ্তির পর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উদ্দেশে এক ভাষণে তিনি একথা বলেন।

১৯৭৩ সালের অধ্যাদেশ প্রসংগে তিনি বলেন, এই পবিত্র অধ্যাদেশ যদি কোন পরিবর্তনের প্রয়োজন হয় তা শুধু আপনারাই চিন্তাভাবনা করে ঠিক করবেন।

তিনি বলেন, আমরা এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা ভিন্নমতের অনুসারী হতে পারি; কিন্তু একটি জায়গায় অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের স্বার্থে আমাদের এক ও অভিন্ন ক্ষেত্রে অবস্থান করতে হবে।